



বাংলাদেশ পাটকল করপোরেশন

আদমজী কোর্ট, মতিঝিল, ঢাকা।

আদেশ

- ১। যেহেতু জনাব ডাঃ মোঃ জাহাঙ্গীর আলম, সহকারী চিকিৎসা কর্মকর্তা, জাতীয় জুট মিলস লিঃ এর বিরুদ্ধে ০৭/০৬/২০১৪ তারিখ জাতীয় জুট মিলে যোগদানের পরে ১৮ (আঠার) দিন কর্মস্থলে উপস্থিত থাকার পর কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে সূত্র নং ২৪.০৪.০০০০.২০৭.১০.০৯১.১৭/৬১৪ তারিখ : ১৫/০৫/২০১৭ এর মাধ্যমে বিভাগীয় মামলা নং প্রসি/বিঃ মাঃ ০৯১ (জাতীয়)/১৭ রুজু করে অভিযোগনামা জারি করা হয়; এবং
- ২। যেহেতু জনাব ডাঃ মোঃ জাহাঙ্গীর আলম, সহকারী চিকিৎসা কর্মকর্তা, জাতীয় জুট মিলস লিঃ এর বিরুদ্ধে আনীত অভিযোগের জবাব প্রদান করেননি এবং কর্তৃপক্ষের সাথে কোনরূপ যোগাযোগ না করার প্রেক্ষিতে সূত্র নং ২৪.০৪.০০০০.২০৭.১০.০৯০.১৭/৮০৩; তারিখ : ১১/০৯/২০১৭ এর মাধ্যমে গঠিত তদন্ত কমিটি দ্বারা বিষয়টি তদন্ত করা হয়। কমিটি কর্তৃক ১২/১০/২০১৭ তারিখে দাখিলকৃত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত পলায়নের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে; এবং
- ৩। যেহেতু তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমানিত হওয়ার প্রেক্ষিতে গত ১৩/১১/২০১৭ তারিখে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়। দীর্ঘদিন অতিবাহিত হওয়ার পরেও তিনি দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় “বাংলাদেশ পাটকল করপোরেশনের কর্মচারী চাকুরী প্রবিধানমালা ১৯৯০ এর পরিধি ৪০(১)(আ)(চ) অনুযায়ী তাকে ‘চাকুরী হতে অপসারণ করার’ চূড়ান্ত সিদ্ধান্ত কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হয়েছে; এবং
- ৪। সেহেতু এফ্রনে, জনাব ডাঃ মোঃ জাহাঙ্গীর আলম, সহকারী চিকিৎসা কর্মকর্তা, জাতীয় জুট মিলস লিঃ- কে ‘বাংলাদেশ পাটকল করপোরেশনের কর্মচারী চাকুরী প্রবিধানমালা ১৯৯০’ এর পরিধি ৪০ (১)(আ)(চ) মোতাবেক পলায়নের (Desertion) দায়ে ‘চাকুরী হতে অপসারণ’ (Removal from service) করা হলো।

প্রাপক :

জনাব ডাঃ মোঃ জাহাঙ্গীর আলম,
সহকারী চিকিৎসা কর্মকর্তা,
জাতীয় জুট মিলস লিঃ, রায়পুর, সিরাজগঞ্জ।

স্থায়ী ঠিকানাঃ

পিতাঃ মোঃ কালু মিয়া,
গ্রাম- কদমতলী, ডাক- ইটাভাড়া,
কেরানীগঞ্জ, ঢাকা।

বিজেএমসি নং ৪- ০৭ তারিখঃ ২২/০১/১৮

(মুহাম্মদ সালেহ উদ্দীন), সচিব

daily sun

২৩/০১/১৮